

শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশুর সহায়তায় করণীয়

## আপনার শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশুকে যেভাবে বোতলের পরিবর্তে কাপ বা গ্লাসে করে পান করার অভ্যাস করাবেন

কাপ বা গ্লাসে করে শিশুকে কিছু পান করার  
অভ্যাস করানোর জন্য তাকে কাপ বা গ্লাসের  
সাথে পরিচিত করানো গুরুত্বপূর্ণ।

একটি শক্ত গ্লাসে অল্প পরিমাণ পানি নিয়ে কাজটি  
শুরু করতে হবে। পানির পরিমাণ এমন হবে  
যাতে শিশু গ্লাস থেকে পানি পান করতে পারে।



শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশুর সহায়তায় করণীয়

আপনার শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশুকে যেভাবে বোতলের পরিবর্তে

কাপ বা গ্লাসে করে পান করার অভ্যাস করাবেন


সরাসরি শিশুর হাতে গ্লাস তুলে না দিয়ে কীভাবে গ্লাস টেবিল থেকে তুলে নিতে হবে সে বিষয়টি তাকে দেখিয়ে দিন। তাকে গ্লাস থেকে চুমুক দিয়ে পানি খেতে সাহায্য করুন এবং গ্লাসটি টেবিলে রাখতে সাহায্য করুন।



শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশুর সহায়তায় করণীয়

## আপনার শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশুকে যেভাবে বোতলের পরিবর্তে কাপ বা গ্লাসে করে পান করার অভ্যাস করাবেন

একইভাবে প্রতিদিন গ্লাসে পানির পরিমাণ বাড়ান।  
প্রথম দিকে শিশু পছন্দ করে এমন পানীয় দিন। তবে  
এটি লাচ্ছি, মিল্কসেক এর মতো ঘন হলে ভালো হয়।



একই সময়ে শিশুকে বোতলে করে যে খাবার দেওয়া  
হতো তার পরিমাণ কমাতে হবে। এভাবে দুই সপ্তাহের  
মতো বোতলের খাবার একেবারে কমিয়ে দিন।



শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশুর সহায়তায় করণীয়

## আপনার শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশুকে যেভাবে বোতলের পরিবর্তে কাপ বা গ্লাসে করে পান করার অভ্যাস করাবেন

যখনই শিশুকে গ্লাসে বা কাপে করে কিছু খেতে দেবেন তখনই তাকে খাওয়ার কথা বলুন ও ইশারায় বোঝান।

আপনার শিশুর যদি খাবার মুখে নিতে, চিবুতে ও গিলতে সমস্যা হয় তাহলে তার পাশে বসে এক হাত দিয়ে তাকে ধরুন, তার চোয়াল ও ঠোঁট নিয়ন্ত্রণে সাহায্য করুন এবং অপর হাত দিয়ে গ্লাস ধরুন।



 **sense**  
international

 **Centre for  
Disability in  
Development**

Bringing hope, dignity and meaning to life

(তথ্যসূত্র: ন্যাশনাল রিসোর্স সেন্টার অন ডেফল্টিভনেস- এনআরসিডিবি)